



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/3/2022

গভর্নর ক্যাথি হোকল

জনস্বাস্থ্য বিষয়ক সিদ্ধান্ত গ্রহণে নারীর স্বাস্থ্য সমতা জোরদার বিষয়ক আইনে স্বাক্ষর করলেন গভর্নর হোকল

আইন S.7628/A.8536 নারীর স্বাস্থ্য পরিষেবা সরবরাহকারীদের জন্য জনস্বাস্থ্য ও স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিলে একজন প্রতিনিধি যোগ করে এবং জনস্বাস্থ্য বিষয়ক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থার দক্ষতার বিকাশ ঘটায়

গভর্নর ক্যাথি হোকল আজ S.7628/A.8536 আইনে স্বাক্ষর করেছেন যা জনস্বাস্থ্য ও স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিলে (Public Health and Health Planning Council) নারীর স্বাস্থ্য পরিষেবা সরবরাহকারীদের প্রতিনিধি হিসেবে একজন অতিরিক্ত নিযুক্ত সদস্য যোগ করে। এটি নিশ্চিত করে যে এই যথাযথ বিশেষজ্ঞরা নারীর পরিচর্যার ক্ষেত্রে বিশেষায়িত নারীর স্বাস্থ্য বা ফ্যাসিলিটি বিষয়ক জনস্বাস্থ্য সিদ্ধান্তগুলো নেওয়ার ব্যাপারে পরামর্শ দিবেন।

"যেহেতু গর্ভপাতের মৌলিক অধিকার সুপ্রিম কোর্টে বিপন্ন হয়েছে, তাই আমরা নিউ ইয়র্কে নারীর প্রজনন স্বাস্থ্যের জন্য সমান প্রাপ্যতা নিশ্চিত করতে পদক্ষেপ নেয়াটা আগের যেকোনো সময়ের চেয়ে এখন বেশি গুরুত্বপূর্ণ," বলেছেন গভর্নর হোকলা "আমরা শক্তিশালী প্রতিষ্ঠানগুলোতে নারীর স্বাস্থ্য বিষয়ক নীতি নির্ধারণে প্রয়োজনীয় দক্ষতা ও সহানুভূতির অভাব দেখেছি এবং এটি লিঙ্গ ও জাতিগত ক্ষেত্রে আমাদের জনস্বাস্থ্য ব্যবস্থায় ব্যাপক বৈষম্য সৃষ্টি করেছে। এটি হবে নিউ ইয়র্কে নারীর স্বাস্থ্যের উন্নতিতে আরো এক ধাপ এগিয়ে যাওয়ার পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যা নারীরা প্রতিদিন যেসব জটিলতা ও স্বতন্ত্র স্বাস্থ্যসেবা সমস্যার সম্মুখীন হন সেগুলোর দিকে আরো বেশি মনোযোগ দেবে, এবং জনস্বাস্থ্য ও স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিলের এই অতি গুরুত্বপূর্ণ ও অবমূল্যায়িত ক্ষেত্রে কোনো অভিজ্ঞ ব্যক্তিকে যোগ করার মাধ্যমে, আমরা সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো ভালো স্বাস্থ্য সমতা নিয়ে আসবো।"

PHHPC এর সদস্যদের অনেকেই বিভিন্ন জনস্বাস্থ্য ক্ষেত্রে দক্ষ, যেমন নার্সিং হোম, আচরণগত স্বাস্থ্য, ও বিমা কোম্পানি, কিন্তু বর্তমানে PHHPC এর কোনো সদস্যের নারীর স্বাস্থ্যে দক্ষতা থাকা আবশ্যিক নয়। যেহেতু এই কাউন্সিল স্যানিটারি কোড সংশোধন, স্বাস্থ্য কমিশনারের কাছে সুপারিশ করা, এবং স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটির জন্য আবেদন পর্যালোচনা করার জন্য দায়িত্বপ্রাপ্ত, এই দক্ষতাসম্পন্ন একজন অতিরিক্ত সদস্য নিয়োগ PHHPC দ্বারা পরিচালিত জনস্বাস্থ্যের সিদ্ধান্তগুলোতে গুরুত্বপূর্ণ ইনপুট সরবরাহ করবে। এই আইন তাৎক্ষণিকভাবে কার্যকর হবে।

এই বিলে স্বাক্ষর নিউ ইয়র্কে প্রজনন স্বাস্থ্যসেবার সুরক্ষা ও অ্যাক্সেস জোরদার করার উদ্দেশ্যে গভর্নরের গৃহীত ধারাবাহিক পদক্ষেপগুলোর মধ্যে অন্যতম। প্রণীত বাজেটটি এই আবশ্যিকতা বিধিবদ্ধ করে যে সব বিমা পরিকল্পনা গর্ভপাত পরিষেবা অন্তর্ভুক্ত করবে এবং পরিবার পরিকল্পনা গ্র্যান্ট প্রোগ্রাম (Family Planning Grant program) সম্প্রসারিত করবে, যা স্টেট জুড়ে কমিউনিটি প্রজনন স্বাস্থ্য সরবরাহকারীদের সহায়তা করবে। এছাড়াও বাজেটে মাতৃমৃত্যু ও অসুস্থতার ক্ষেত্রে জাতিগত বৈষম্য হ্রাসের অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপসমূহ অন্তর্ভুক্ত হয়েছে, যার মধ্যে আছে অভিবাসনগত অবস্থা নির্বিশেষে সকল ব্যক্তির জন্য 60 দিন থেকে এক বছর পর্যন্ত প্রসবোত্তর মেডিকেইড কভারেজের সম্প্রসারণ এবং প্রসব পূর্ব ও পরবর্তী পরিষেবার প্রাপ্যতা বৃদ্ধি, যার মধ্যে রয়েছে সম্প্রসারিত পুষ্টি পরিষেবা, লাইসেন্সপ্রাপ্ত ক্লিনিকাল সোশ্যাল ওয়ার্কার কর্তৃক পরিষেবা, পিয়ার কনসাল্টিং ও পেশেন্ট নেভিগেশন সার্ভিস। রো ভি ওয়েডের দ্বারা নিশ্চিত করা গর্ভপাতের অধিকারকে উল্টে দেবে বলে সুপ্রিম কোর্টের ফাঁস হওয়া একটি মতামতের প্রতিক্রিয়ায় প্রজনন স্বাস্থ্যসেবা রক্ষা ও জোরদার করার ব্যাপারে গভর্নর [তার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন।](#)

স্টেট সিনেটর জুলিয়া সালাজার বলেন, "নারীর জন্য স্বাস্থ্য ও সুস্থতা সংক্রান্ত বিষয়ে স্টেট যে সিদ্ধান্ত নেয় তার বেশিরভাগের ক্ষেত্রে জনস্বাস্থ্য ও স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিল গুরুত্বপূর্ণ, কিন্তু যথাযথ দিকনির্দেশনা না থাকলে তা নারীদের প্রতিদিন আরো জটিলতার সম্মুখীন হওয়া অব্যাহত রাখবে। আমি এই বিলে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই যা নিউ ইয়র্কে স্বাস্থ্য সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নারীর স্বাস্থ্যকে আরো বড় ভূমিকা দিবে।"

অ্যাসেম্বলি সদস্য রিচার্ড এন. গটফ্রিড বলেন, "জনস্বাস্থ্য ও স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিলের সিদ্ধান্ত জনস্বাস্থ্য নীতিকে চালনা করে। এর সদস্যতা সকল নিউ ইয়র্কবাসীর প্রয়োজনকে তুলে ধরা উচিত। জনস্বাস্থ্য ও স্বাস্থ্যসেবা কাউন্সিলে নারীর স্বাস্থ্যের প্রতিনিধিত্ব যুক্তকরণ মাতৃস্বাস্থ্য, প্রজনন সেবা, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ পরিষেবা ভালোভাবে সুরক্ষিত হওয়ার বিষয়টি নিশ্চিত করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418